

'সন্তানের জন্য হলেও কম্পিউটারে দক্ষ হোন'

=====

একসময় ছেলেমেয়েরা যেখানে মাঠে খেলাধুলা করে সময় কাটিয়েছিল, সেখানে এখনকার প্রজন্ম কাটাচ্ছে ফেইসবুক কিংবা ইন্টারনেটে! এ নিয়ে বর্তমান মা-বাবার মধ্যে উৎকণ্ঠার শেষ নেই। আপনি সম্ভবত খুব একটা অবাক হবেন না যখন শুনবেন আপনার ছেলে-মেয়ে টিভি, ভিডিও, ভিডিও গেম, গান শোনা কিংবা ফেইসবুকে অনেক সময় ব্যয় করছে, কিন্তু কতটা সময় ব্যয় করছে সেটা শুনলে আপনি মর্মান্বিত হতে পারেন! একটি নতুন গবেষণায় দেখা গেছে যে এই প্রজন্মের টিনএজ (তের থেকে উনিশ বছরের) ছেলে মেয়েরা ফেইসবুক কিংবা ইন্টারনেটে দৈনিক নয় ঘন্টা সময় ব্যয় করে। এবং ৯২ ভাগ টিনএজ ছেলে-মেয়েরা প্রতিদিনেই ইন্টারনেট ব্যবহার করে। আর এই ইন্টারনেট ব্যবহারের ৭১ ভাগই শুধু ফেইসবুক ব্যবহার করে! আমেরিকার কমনসেন্সে মিডিয়া নামের এক প্রতিষ্ঠান এক জরিপে বলেছে যে, ছেলে-মেয়েরা দিনে কমপক্ষে ১০০ বার ফেইসবুকে লগইন করে! চব্বিশ ঘন্টার মধ্যে, নয় ঘন্টা সময় যা ওদের ঘুমানোর সময়ের চেয়ে বেশি কিংবা মা-বাবা ও শিক্ষকদের সাথে কাটানোর সময়ের চেয়ে বেশি ! এই পরিসংখ্যান আসলেই উদ্বেগজনক!

সন্তানের জন্য হলেও কম্পিউটার জানুন, কম্পিউটারে দক্ষ হোন।

কিভাবে হিন্দ্রি (ইতিহাস) ফোল্ডার পর্যবেক্ষণ করতে হয় তা জানুন এবং শিখুন সফটওয়্যার পর্যবেক্ষণ সম্পর্কে। কিভাবে বিভিন্ন ইন্টারনেট কন্টেন্ট ফিল্টার (অনাকাঙ্ক্ষিত সাইট ব্লক) করতে হয় তা জানুন। এটা গুরুত্বপূর্ণ যে মা-বাবারা কম্পিউটার ও অনলাইন সম্পর্কে এতটুকু জ্ঞান রাখবেন যাতে আপনার সন্তানরা অনলাইনে কি করছে তা সহজেই বুঝতে পারেন। হয়তবা আপনার এসব প্রযুক্তিতে তেমন আগ্রহ নেই কিন্তু সন্তানের স্বার্থে আপনাকে আপডেট থাকা জরুরি।